

বিরোধীদলীয় নেত্রীর সংগে সাক্ষাৎকারের পর বিবৃতি

বাংলাদেশে আসতে পেরে এবং মাননীয় বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার সংগে সাক্ষাতের সুযোগ পেয়ে আমি আনন্দিত।

এর আগে আজ আমি মাননীয় প্রধান মন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর সংগে সাক্ষাৎ করেছি। আমি উভয়কেই ইতিমধ্যেই বাংলাদেশের অর্জিত সাফল্যের জন্য প্রশংসা করেছি কিন্তু যে সংগ্রামগুলো রয়ে গেছে সেগুলোর প্রতি বিশেষ মনোযোগ প্রদানের জন্য অনুরোধ করেছি। উভয় আলোচনাই সুফলদায়ী হয়েছে এবং এদেশের মানুষ ও জনসাধারণ সম্পর্কে একটা উন্নত ধারণা নিয়ে আমি বাংলাদেশ থেকে যাচ্ছি।

বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনার সংগে গঠনমূলক আলোচনা আমি সম্পন্ন করেছি। বাংলাদেশের সাফল্যের জন্য তাঁর দল সকলের সংগে একত্রে কাজ করছেন।

এক বছর আগে নির্মম গ্রেনেড আক্রমণের শিকার এবং তাদের পরিবারবর্গকে আমি আমার সহানুভূতি প্রকাশ করেছি। অপরাধীদের বিচার করাটা গুরুত্বপূর্ণ।

দুঃস্থদের স্বাস্থ্য ও শিক্ষার জন্য বাংলাদেশ উল্লেখযোগ্য উন্নতি সাধন করেছে, বিশেষত নারী এবং বালিকাদের জন্য। উল্লেখিত সাফল্যের অধিকাংশ এসেছে স্বউদ্যোগে সমাজের বেশ কিছু অংশের কর্মকাণ্ড। কিন্তু দরিদ্রতম জনগোষ্ঠীকে সাহায্য করার জন্য একই উদ্দেশ্যে সকল বাংলাদেশী যদি একত্রিত হতে পারত আরও অনেক বেশী সাফল্য অর্জন সম্ভব হত। এই সমস্যা অতিক্রম করার জন্য বাংলাদেশকে বিশ্বব্যাংকের সহযোগিতা নিশ্চিত করার জন্য আমি এখানে এসেছি। আপনাদের উন্নয়নে আমরা সফল হতে চাই।

উন্নয়ন লক্ষ্য অর্জনের কর্মকাণ্ডে বিশ্বব্যাংক বাংলাদেশের একজন সক্রিয় সহকর্মী হিসাবে থাকতে ইচ্ছুক।